

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৫

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

باب الوسوسة - الفصل الأول

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: لَا يَزَالُ النَّاسُ
يَتَسَاءَلُونَ حَتَّى يُقَالَ: هَذَا خَلَقَ اللَّهُ الْخَلْقَ فَمَنْ خَلَقَ اللَّهُ؟ فَإِذَا قَالُوا ذَلِكَ فَقُولُوا اللَّهُ
أَحَدٌ اللَّهُ الصَّمَدُ لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ وَلَمْ يَكُنْ لَهُ كُفْوًا أَحَدٌ ثُمَّ لِيَتَفَلَّحَنَّ عَنْ يَسَارِهِ ثَلَاثًا
وَلِيَسْتَعِذَّ مِنَ الشَّيْطَانِ . رَوَاهُ أَبُو دَاوُدَ .

বাংলা

৭৫-[১৩] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মানুষেরা তো (প্রথম সৃষ্টি জগত ইত্যাদি সম্পর্কে) পরস্পরের প্রতি প্রশ্ন করতে থাকবে, এমনকি সর্বশেষে এ প্রশ্নও করবে, সমস্ত মাখলুকাতকে আল্লাহ সৃষ্টি করেছেন, তবে আল্লাহকে কে সৃষ্টি করেছে? যখন তারা এ প্রশ্ন উত্থাপন করে তখন তোমরা বলবেঃ আল্লাহ এক, তিনি অমুখাপেক্ষী। তিনি কাউকে জন্ম দেননি আর কেউ তাকে জন্ম দেননি। তাঁর সমকক্ষও কেউ নেই। অতঃপর (শায়ত্বনের (শয়তানের) উদ্দেশ্যে) তিনবার নিজের বাম দিকে থু থু ফেলবে এবং বিতাড়িত শায়ত্বন (শয়তান) হতে আল্লাহর নিকট আশ্রয় চাবে।[1]

(মিশকাতের লেখক বলেন) 'উমার ইবনু আহুওয়্যাস-এর হাদীস 'খুত্ববাতু ইয়াওমিন্ নাহর' অধ্যায়ে বর্ণনা করবো ইন-শা-আল্লাহ তা'আলা।

English

Chapter: Evil Promptings - Section 2

Abu Huraira reported God's messenger as saying, "Men will continue to question one another till this is propounded: God created all things, but who created God? When they propound that, say, 'God is one. God is He to whom men repair. He has not begotten and He has not been begotten, and no one is equal to Him.'" Then one should spit three

times on his left side and seek refuge in God from the accursed devil.”

Abu Dawud transmitted it. We shall mention the tradition of ‘Amr b. al-Ahwas in the chapter on the sermon on the day of sacrifice, if God will.

ফুটনোট

[1] হাসান : আবু দাউদ ৪৭২২, সহীহুল জামি‘ ৮১৮২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে শায়ত্বনের (শয়তানের) ওয়াসওয়াসাহ্ হতে পরিত্রাণের উপায় বলা হয়েছে। শায়ত্বনের (শয়তানের) ওয়াসওয়াসাহ্ অন্তরের বামপাশে উদয় হয়। তাই বামদিকে তিনবার থুথু ফেলতে বলা হয়েছে শায়ত্বনকে লজ্জিত ও দূরীভূত করার জন্য। কেননা থুথু অপ্রিয় বস্তু যা সবাই ঘৃণা করে।

হাদীসের শিক্ষাঃ মনে শায়ত্বনের (শয়তানের) ওয়াসওয়াসাহ্ উদয় হলে আল্লাহর নিকট আশ্রয় চাওয়া ও বাম দিকে তিনবার থুথু নিক্ষেপ করা সুন্নাত।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54633>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন